



দ্বৈত ভাষা ও ভাষা সহায়তা সম্পর্কে জানুন!

প্রিয় পরিবারবর্গ,

যদি আপনার কোনো সন্তান থাকে যার জন্ম 2019 সালে, তবে সে 2023-এর হেমন্তে প্রি-K-তে ভর্তি হবার যোগ্য। কয়েক সপ্তাহের মধ্যে আবেদন শুরু হবার আগে, আমরা দ্বৈত ভাষা এবং ভাষা সহায়তা বেছে নিতে বিভিন্ন বিকল্পগুলো সম্পর্কে তথ্য জানাতে আগ্রহী! ডুয়াল ল্যাঙ্গুয়েজ বা দ্বৈত ভাষার প্রোগ্রামগুলি ঐ সকল শিক্ষার্থীকে সহায়তা প্রদান করে যাদের বাড়ির ভাষা ইংরেজি ভিন্ন অন্য কোনো ভাষা, এর অন্তর্ভুক্ত বহুভাষী শিক্ষার্থী হিসেবে যারা আবির্ভূত হচ্ছে। এই প্রোগ্রামগুলোতে, শিক্ষার্থীদের দুটি ভাষায় শিক্ষা নির্দেশনা প্রদান করা হয়: ইংরেজি এবং লক্ষ্য-স্থিরকৃত অন্য একটি ভাষা, যেমন স্প্যানিশ। ডুয়াল ল্যাঙ্গুয়েজ কর্মসূচির লক্ষ্য হলো শিক্ষার্থীরা যাতে ইংরেজি এবং তাদের কাঙ্ক্ষিত ভাষায় দক্ষ হয়ে ওঠে।

আপনি যদি আপনার আবেদনপত্রে কোনো দ্বৈত ভাষার প্রোগ্রাম তালিকাভুক্ত করে থাকেন, আপনাকে আপনার সন্তানের বাড়ির ভাষার বিষয়ে এবং ইংরেজি ও প্রোগ্রামের নির্ধারিত ভাষায় তার দক্ষতা সম্পর্কে বাড়তি প্রশ্ন জিজ্ঞেস করা হবে। আসনগুলির অর্ধেক ঐসব আবেদনকারীর জন্য বরাদ্দ যারা ইংরেজিতে দক্ষ, এবং অন্য অর্ধেক রাখা হয় যারা ইংরেজি ভাষা শিক্ষার্থী তাদের জন্য। আবেদনকারীদের গ্রুপে বিভক্ত করা হয় ভাষা দক্ষতার ভিত্তিতে, তারপর নিয়মিত ভর্তির অগ্রাধিকার ব্যবহার করা হয় অফার দেবার সময়। অফার কীভাবে দেয়া হয় সেটি সম্পর্কে আরও জানতে পারবেন "[প্রি-K ওয়েবসাইট](#)"-এ।

দ্বৈত ভাষার প্রোগ্রামগুলি সকল প্রি-K কাঠামোতে প্রদান করা হয় (NYC আর্লি এডুকেশন সেন্টারসমূহ, ডিস্ট্রিক্ট স্কুল এবং প্রি-K সেন্টারগুলোতে) আবেদনপত্রে ওগুলি ভিন্ন পছন্দ হিসেবে তালিকাভুক্ত থাকে, তার অর্থ দ্বৈত ভাষা এবং একভাষার প্রি-K প্রোগ্রাম হিসেবে কোনো স্কুল সেগুলি অফার করতে পারে যা থেকে আপনি বেছে নিতে পারেন।

কিছু প্রি-K প্রোগ্রাম যেসব পরিবারের ভাষা ইংরেজি নয় তাদের জন্য অন্য রিসোর্স হিসেবে **ভাষা সহায়তা** অফার করতে পারে। ভাষা সহায়তার মধ্যে অন্তর্ভুক্ত: একজন কর্মী সদস্য যিনি উদ্দিষ্ট ভাষায় অনর্গল কথা বলতে পারেন এবং পরিবারকে সহায়তা দেয়ার জন্য থাকেন, যেসব পরিবারের প্রয়োজন তাদের জন্য দোভাষী দিয়ে সেবা প্রদান, অনুবাদের মাধ্যমে তথ্য আদানপ্রদান, এবং শিক্ষকেরা যারা প্রতিনিয়ত পাঠদানের সময় ইংরেজি এবং উদ্দিষ্ট ভাষার উন্নতিতে সহযোগিতা করে যাচ্ছেন। কিছু NYC আর্লি এডুকেশন সেন্টার ভাষা সহায়তা প্রদান করে, এবং আবেদনকারীগণ যারা উদ্দিষ্ট ভাষায় কথা বলে তাদের যোগদানে অগ্রাধিকার আছে। ভাষা সহায়তাসমূহ একটি ভিন্ন পছন্দের প্রোগ্রাম হিসেবে তালিকাভুক্ত নয়। আরও তথ্যের জন্য প্রোগ্রামগুলোর সাথে সরাসরি যোগাযোগ করুন!

মাইস্কুলস্-এর [প্রি-K ডিরেক্টরি](#)-তে দ্বৈত ভাষা অথবা ভাষা সহায়তার অবস্থান জানতে পারবেন। "মোর ফিল্টারস্ (More Filters)" ব্যবহার করে স্কুল ডাউনের পর যেখানে "ল্যাঙ্গুয়েজ সাপোর্ট/ডুয়াল ল্যাঙ্গুয়েজ" আছে সেটি ফিল্টার করুন। এটি শুধু ঐ প্রোগ্রামগুলির তালিকা দেবে যেগুলিতে ঐসব বৈশিষ্ট্য আছে।

আরও প্রশ্ন আছে কি? আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা আপনার স্থানীয় [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) পরিদর্শন করুন।

শুভেচ্ছান্তে,

3-K অ্যান্ড প্রি-K অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে আমাদের প্রি-K-তে ভর্তি হতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখানোর বিষয়টি (বা সাইন আপ করতে) নিশ্চিত করুন। আপনি যদি আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আর কোনও ইমেইল পেতে না চান, তবে আনসাবসক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।